

যুগান্তর

প্রিন্ট: ২৭ জুলাই ২০২৫, ০১:৪১ পিএম

শিক্ষাঙ্গন

সেশন জটে জাবির চারুকলার শিক্ষার্থীরা



জাবি প্রতিনিধি

প্রকাশ: ২৫ জুলাই ২০২৫, ০৯:৪৮ পিএম



ছবি: যুগান্তর



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) চারুকলা বিভাগের ৪৯তম ব্যাচের তৃতীয় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ছয় মাস অতিক্রম করলেও এখনো ফলাফল প্রকাশিত হয়নি। ৭৫ দিনের মধ্যে ফলাফল প্রকাশের বিধান থাকলেও তা মানা হয়নি।

পরীক্ষা রুটিন অনুযায়ী, ৪৯তম ব্যাচের সর্বশেষ পরীক্ষা ২০ জানুয়ারি অনুষ্ঠিত হওয়ার পরও ফলাফল প্রস্তুত করতে পারেনি বিভাগটি। অথচ একই ব্যাচের অন্য বিভাগের শিক্ষার্থীরা অনার্স শেষ করে মাস্টার্সে ক্লাশ শুরু করেছেন বহু আগেই।

জানা গেছে, বিভাগের ৪৯তম ব্যাচের শিক্ষার্থীরা এখনো অনার্স সম্পন্ন করতে পারেনি। একইসঙ্গে ৪৬, ৪৭ ও ৪৮ তম ব্যাচ মাস্টার্সে অধ্যয়নরত। সেই জায়গায় ৪৯তম ব্যাচের অন্য বিভাগের শিক্ষার্থীরা এখন মাস্টার্স করছে। এ অবস্থায় চারুকলা বিভাগের শিক্ষার্থীরা পড়েছেন সেশনজটে।

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের উপপরিচালক আওহাদ হোসেন বলেন, নিয়ম অনুযায়ী ৭৫ দিনের মধ্যে ফলাফল প্রকাশ করতে হয়। তবে বিভাগ থেকে ফল না এলে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের কিছু করার থাকে না।

ফল প্রকাশে বিলম্বের কারণ জানতে চাইলে পরীক্ষা কমিটির সভাপতি সহযোগী অধ্যাপক শ্বাশতী মজুমদার জানান, বিশ্ববিদ্যালয় বন্ধ থাকাসহ কয়েকটি কারণে রেজাল্ট দিতে দেরি হচ্ছে। এতে পরীক্ষা কমিটির কিছু করার নেই। তবে পরীক্ষা নিয়ন্ত্রক অফিস থেকে জানা যায়, খাতা মূল্যায়নের সময়সীমা নির্ধারণ করা হয় ছুটির দিন হিসাব করে। এছাড়া জানুয়ারি মাসের পর বিশ্ববিদ্যায় দীর্ঘ কোনো ছুটি ছিল না।

এ বিষয়ে জানতে চাইলে চারুকলা বিভাগের সভাপতি মোহাম্মদ শামীম রেজা বিলম্বের দায় চাপিয়েছেন দ্বিতীয় পরীক্ষকের ওপর। তিনি বলেন, দ্বিতীয় পরীক্ষক অন্য বিশ্ববিদ্যালয়ের হওয়ায় খাতা মূল্যায়নে দেরি হচ্ছে।



পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের পরিচালক অধ্যাপক ছালেহ আহাম্মদ খান বলেন, প্রত্যেক পরীক্ষার জন্য একটি পরীক্ষা কমিটি গঠন করা হয়। পরীক্ষা গ্রহণ থেকে ফলাফল প্রস্তুত সব দায়িত্ব ওই কমিটির। সমস্যা হলে বিভাগ জানালে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়।

নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষার্থী জানান, আমার বন্ধু যারা অন্য বিভাগের, তারা মাস্টার্সের ক্লাশ শুরু করেছেন অনেক আগেই। অথচ আমি এখনো জানি না, ৩য় বর্ষের রেজাল্ট কবে পাব। কখনো ভাবিনি চার বছরের কোর্স করতে ছয় বছর লেগে যাবে।

